



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ

৮.	পরিকল্পনা উন্নয়ন ও ওয়ার্কস দপ্তর	পরিচালক (৫৬৫০০-৭৪৪০০) বয়সসীমা : (৫২ বছর)	০১	প্রার্থীর কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে সম্মানসহ মাস্টার্স/৪বছর মেয়াদী স্নাতক সম্মান/বি.এস.সি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী থাকিতে হবে। সংশ্লিষ্ট কাজের কোন বিশ্ববিদ্যালয়/ডিগ্রী প্রদানকারী শিক্ষা প্রতিষ্ঠান/সরকারি/আধাসরকারি/বেসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা হিসেবে ১৪ (চৌদ্দ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে, যার মধ্যে কোন বিশ্ববিদ্যালয়ের উপ-পরিচালক (৫ম গ্রেড) বা ইহার সমমানের পদে কমপক্ষে ০৪ (চার) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর প্রানিং কমিশনের কর্মপদ্ধতি, নতুন প্রকল্প সারপত্র প্রস্তুতি এবং বৈদেশিক ক্রয় সংক্রান্ত অভিজ্ঞতা থাকিলে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। অথবা প্রার্থীর কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে মাস্টার্স/৪বছর মেয়াদী স্নাতক সম্মান/বি.এস.সি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীসহ প্রশাসনিক/হিসাব সংক্রান্ত কাজে কোন বিশ্ববিদ্যালয়/ডিগ্রী প্রদানকারী শিক্ষা প্রতিষ্ঠান/সরকারি/ আধাসরকারি/বেসরকারি/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা হিসেবে ১২ (বার) বছরের অভিজ্ঞতা থাকতে হবে যার মধ্যে কোন বিশ্ববিদ্যালয়ে উপ-পরিচালক (৫ম গ্রেড) বা ইহার সমমানের পদে কমপক্ষে ০৪ (চার) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
৯.	অর্থ ও হিসাব দপ্তর	পরিচালক (৫৬৫০০-৭৪৪০০) বয়সসীমা : (৫২ বছর)	০১	প্রার্থীর কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে সম্মানসহ মাস্টার্স/৪বছর মেয়াদী স্নাতক সম্মান/এমবিএ ডিগ্রী সহ কোন বিশ্ববিদ্যালয়/ডিগ্রী প্রদানকারী শিক্ষা প্রতিষ্ঠান/সরকারি/আধাসরকারি/বেসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের অর্থ, বাজেট, নিরীক্ষা ও হিসাব বিভাগে কর্মকর্তা হিসেবে ১৪ (চৌদ্দ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে, যার মধ্যে কোন বিশ্ববিদ্যালয়ের ডেপুটি কম্পট্রোলার (৫ম গ্রেড) বা ইহার সমমানের পদে কমপক্ষে ৪(চার) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা প্রার্থীর কোন অনুমোদিত প্রতিষ্ঠান হতে এফসিএ/এফসিএমএ ডিগ্রী সহ অর্থ, বাজেট, নিরীক্ষা ও হিসাব বিভাগে প্রথম শ্রেণীর কর্মকর্তা হিসেবে ১২ (বার) বছরের অভিজ্ঞতা থাকতে হবে যার মধ্যে কোন বিশ্ববিদ্যালয়ে ডেপুটি কম্পট্রোলার (৫ম গ্রেড) বা ইহার সমমানের পদে কমপক্ষে ৪(চার) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

** ইউজিসি কর্তৃক প্রণীত “পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে শিক্ষক নিয়োগ ও পদোন্নয়নের যুগোপযোগী নীতিমালা প্রণয়নের ক্ষেত্রে ন্যূনতম যোগ্যতা নির্ধারণের নির্দেশিকা” মোতাবেক সাধারণ নিয়মাবলির শর্তানুযায়ী :

- ১) আবেদনকালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রিপত্র হতে হবে অর্থাৎ পরীক্ষায় ফলপ্রকাশ অপেক্ষমান থাকাকালে আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ২) অনলাইন ও দূরশিক্ষণের মাধ্যমে ডিগ্রিপত্র প্রার্থীদেরকে কোনো বিভাগে শিক্ষক নিয়োগের জন্য বিবেচনা করা যাবে না।
- ৩) সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত গবেষণা প্রতিষ্ঠান হতে আগত প্রার্থীদের ক্ষেত্রে সক্রিয় শিক্ষকতার চাকুরিকাল হিসাবে ঐ প্রতিষ্ঠানের চাকুরির অর্ধেক সময়কাল বিবেচনা করা যেতে পারে।
- ৪) অত্র বিশ্ববিদ্যালয়ে শিক্ষকগণ বর্তমানে যে পদে কর্মরত আছেন শুধুমাত্র ঐ পদের পরবর্তী পদে নিয়োগের ক্ষেত্রে প্রচলিত নিয়ম অনুসরণ করা যাইবে।
- ৫) বিশ্ববিদ্যালয়সমূহে কর্মরত শিক্ষকগণের শিক্ষাগত যোগ্যতা প্রয়োজ্য ক্ষেত্রে শিথিল করা যাবে (এসএসসি হতে স্নাতকোত্তর ডিগ্রি পর্যন্ত)।
- ৬) বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাজের অভিজ্ঞতাকে সক্রিয় শিক্ষাকাল হিসেবে গণ্য করিয়া কোন পদের জন্য প্রয়োজনীয় চাকুরির সময়কাল/প্রকাশনার সংখ্যা কমানো যাবে না।

শর্তাবলী :

- ১) প্রত্যেক পদে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফর্মে আবেদন করতে হবে।
- ২) আবেদন ফর্ম অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.bsmrstu.edu.bd থেকে সংগ্রহ করতে হবে।
- ৩) প্রতি পদের জন্য ১২০০/- (এক হাজার দুইশত) টাকা অস্থগী ব্যাংক লিঃ এর যে কোন অনলাইন শাখা হতে সঞ্চয়ী হিসাব নং ০২০০০০৩১৫২৩৭২, রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (বশেমুরবিপ্রবি), গোপালগঞ্জ এই হিসাবে জমা করে জমা ভাউচারের মূল অংশ ১টি A4 সাইজের সাদা কাগজে আঠা দিয়ে লাগিয়ে আবেদনপত্রের মূল কপির সাথে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে জমা ভাউচারের ক্রম নম্বর ও তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে এবং আবেদনপত্র অবশ্যই A4 সাইজের খামে/বড় খামে জমা দিতে হবে।
- ৪) ০১ থেকে ০৭ নং পদের আবেদনকারীদের ১০ (দশ) সেট ও ০৮ থেকে ০৯ নং পদের আবেদনকারীদের ০৮ (আট) সেট আবেদন করতে হবে এবং প্রতি কপি আবেদন ফর্মের সঙ্গে শিক্ষাগত যোগ্যতার সনদ, ট্রান্সক্রিপ্ট/মার্কশীট, পজিশনের প্রমানপত্র, প্রকাশিত প্রবন্ধের ফটোকপি (যদি থাকে), অভিজ্ঞতার সার্টিফিকেট (যদি থাকে), জাতীয়তার সনদ ও মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য মুক্তিযোদ্ধার সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ৫) খামের উপর বিভাগ/দপ্তরের নাম ও পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।
- ৬) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি আঠা দিয়ে প্রতিটি আবেদন ফর্মে লাগাতে হবে।
- ৭) কোন প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং কর্মরত পদের নিয়োগপত্র (বেতনশ্লে উল্লেখপূর্বক), ও আনুষঙ্গিক কাগজপত্র সংযুক্ত করতে হবে।
- ৮) আবেদনপত্র অত্র বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তরে রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ এর অনুকূলে পৌছানোর শেষ তারিখ ৩১/০৮/২০২৩ বিকাল ০৪.০০ ঘটিকা।
- ৯) প্রার্থীদের সাক্ষাৎকার/পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ ডিএ প্রদান করা হবে না।
- ১০) অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১১) নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।

০৬/০৮/২০২৩

(মোঃ দলিলুর রহমান)

রেজিস্ট্রার

বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।